বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

# জনতা ব্যাংক লিমিটেড এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর : ৩৭/২০২১

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

# জনতা ব্যাংক লিমিটেড এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর : ৩৭/২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলি | ৩ -৪ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৭-৮ |
| ৫ | **অধ্যায়-২** | ৯ |
| | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১১ |
| | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৩-২৬ |
| ৬ | **দ্বিতীয় অংশ** | ২৭ |
| | পরিশিষ্টসমূহ | ২৯-৫২ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(১) অনুযায়ী সকল Public Enterprise এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নিয়ন্ত্রণাধীন জনতা ব্যাংক লিমিটেড এর ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রমের উপর বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৯টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধান বরাবর ইস্যু করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট বিভাগ এর সচিবকে অবহিত করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(১) অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ বঙ্গাব্দ
২৩/৩/২০২২ খ্রিস্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলি

**রিপোর্ট সম্পর্কিত তথ্য:** এই রিপোর্ট অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নিয়ন্ত্রণাধীন জনতা ব্যাংক লিমিটেড এর ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

**প্রতিষ্ঠান পরিচিতি** : দ্য বাংলাদেশ ব্যাংকস (ন্যাশনালাইজেশন) অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ২৬) মোতাবেক তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিমিটেড এবং ইউনিয়ন ব্যাংক লিমিটেডের সমন্বয়ে ১৯৭২ সালে জনতা ব্যাংক গঠিত হয়। ব্যাংক কোম্পানি অ্যাক্ট, ১৯৯১ মোতবেক ২০০৭ সালের ১৫ নভেম্বর জনতা ব্যাংককে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করা হয় এবং নামকরণ হয় জনতা ব্যাংক লিমিটেড। সাধারণ মানুষের কল্যাণে নিবেদিত থাকার অঙ্গীকার নিয়ে প্রতিষ্ঠিত এ ব্যাংকটি গ্রাহকদের উত্তম ব্যাংক সেবা ও শিল্প ঋণসহ বিভিন্ন ধরনের ঋণ প্রদানের লক্ষ্যে আধুনিক ও তথ্যপ্রযুক্তি নির্ভর কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম (আমানত/সম্পদের ভিত্তিতে) বাণিজ্যিক ব্যাংক হিসেবে সর্বমোট ৯১৫টি শাখার মাধ্যমে দেশের সাধারণ মানুষের আর্থিক নিরাপত্তা ও সেবা প্রদানের জন্য সর্বদা নিয়োজিত রয়েছে। এছাড়াও ৪টি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এবং সংযুক্ত আরব আমিরাতে ৪টি বৈদেশিক শাখা রয়েছে। জনতা ব্যাংক লিঃ এর ৯১৫টি শাখার মধ্যে ৯০৮টি শাখাতে অনলাইন ব্যাংকিং চালু আছে এবং ৭১টি এটিএম বুথের মাধ্যমে গ্রাহক সেবা দিয়ে যাচ্ছে।

**প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :**

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত স্থায়ী পদ সংখ্যা | অনুমোদিত পদের বিপরীতে কর্মরত জনবল | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান | ০১ | ০১ | - |
| ২ | পরিচালক | ০৮ | ০৬ | ০২ |
| ৩ | ব্যবস্থাপনা পরিচালক | ০১ | ০১ | - |
| ৪ | উপ-ব্যবস্থাপনা পরিচালক | ০৪ | ০৩ | ০১ |
| ৫ | মহাব্যবস্থাপক | ৩১ | ২৮ | ০৩ |
| ৬ | উপ মহাব্যবস্থাপক | ১৪৮ | ১২৬ | ২২ |
| ৭ | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৩৪৩ | ২৯৭ | ৪৬ |
| ৮ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৮১৪ | ৭৬৫ | ৪৯ |
| ৯ | প্রিন্সিপাল অফিসার ও সমমান | ১৫৫৯ | ১৫২৮ | ৩১ |
| ১০ | সিনিয়র অফিসার ও সমমান | ৪৫৭৭ | ৩২৫৫ | ১৩২২ |
| ১১ | সুপার নিউমেরারি সিনিয়র অফিসার | ০০ | ১৮২২ | -- |
| ১২ | অফিসার ও সমমান | ৮০০৯ | ১৬৯১ | ৬৩১৮ |
| ১৩ | করণিক | ৩৪৮৩ | ৪৮১ | ৩০০২ |
| ১৪ | অকরণিক | ২২৪৪ | ১৪১৬ | ৮২৮ |

## প্রতিষ্ঠানের কার্যাবলি :

- দেশের অন্যতম প্রধান আর্থিক প্রতিষ্ঠান হিসেবে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই), অবকাঠামো, ইউটিলিটি, পরিবহন, যোগাযোগ এবং অন্যান্য উন্নয়ন প্রকল্পসহ শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানে বিনিয়োগের জন্য ঋণ প্রদানের মাধ্যমে দেশের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণে সহযোগিতা প্রদান।
- আমানত সংগ্রহের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা এবং সঞ্চয়ের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার লক্ষ্যে জনগণকে সম্পৃক্ত করা।
- দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে শক্তিশালী করে প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরে কার্যকরী উদ্যোগ গ্রহণ করা।

## অডিটের আইনগত ভিত্তি :

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ৫(১) ধারা অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

## অডিটের পরিধি :

তথ্য সংগ্রহ এবং তা বিশ্লেষণের পর জনতা ব্যাংক লিমিটেড এর ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স নিরীক্ষার জন্য নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হয়েছে :

- সিসি (হাইপো);
- ঋণপত্র (Letter of Credit);
- এল টি আর খাতে ঋণ;
- ডিমান্ড লোন;
- পিএডি দায়;
- পুনঃতফসিল, নবায়ন, নগদ আদায় ইত্যাদি;
- মামলা সংক্রান্ত কার্যক্রম।

## অডিট প্ল্যানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

## অডিটের বিষয়বস্তু :

জনতা ব্যাংক লিমিটেড এর আর্থিক কার্যক্রমের উপর কমপ্লায়েন্স অডিট।

## অডিট কৌশল :

উপর্যুক্ত বিষয়ে নিরীক্ষার উদ্দেশ্যে গুরুতর আর্থিক অনিয়মের বিষয় যাচাই করা; ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত বিধি বিধান পরিপালন, সরকারি অন্যান্য আইন-কানুন, বিধি-বিধান এবং নীতিমালা অনুসরণ, বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং প্রযোজ্য বিধি-বিধান পরিপালন করে ব্যয় নির্বাহ করা হচ্ছে কিনা তা যাচাই এর জন্য নিম্নবর্ণিত কৌশল অবলম্বন করা হয়েছে :

- নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ;
- নিরীক্ষার উদ্দেশ্য, বিষয়বস্তু, মানদণ্ড ইত্যাদি নির্ধারণপূর্বক নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন ;
- নিরীক্ষা দল গঠন এবং নির্ধারিত সময়সূচি অনুযায়ী মাঠ পর্যায়ের নিরীক্ষা কার্য সম্পাদন ;
- কেন্দ্রীয়ভাবে নিরীক্ষা কার্যক্রম নিয়মিত তদারকি ও পর্যবেক্ষণ।

## অডিট সময়কাল:

সেক্টর-৪, সিলেট: ১৯/০৪/২০১৭ হতে ২২/০৬/২০১৭ খ্রি., সেক্টর-৫, চট্টগ্রাম: ০১/০৯/২০১৬ হতে ০৪/১০/২০১৬ খ্রি., ও ০১/০২/২০১৭ খ্রি. হতে ০৭/০৩/২০১৭ খ্রি. এবং সেক্টর-৭, রাজশাহী: ১৮/১১/২০১৬ খ্রি. হতে ১৬/০১/২০১৭ খ্রি. পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন জনতা ব্যাংক লিঃ এর ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রমের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ৯টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ২২৮,৯২,১৯,৩১৮ (দুইশত আটাশ কোটি বিরানব্বই লক্ষ উনিশ হাজার তিনশত আঠারো টাকা মাত্র)। এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- PAD দায় আদায় না করে ডকুমেন্টস ছাড়করণ;
- আমদানিকৃত মালামালের রপ্তানি/বিক্রয়মূল্য হতে দায় পরিশোধ না করা;
- সহজামানত অতিমূল্যায়নের মাধ্যমে ঋণ মঞ্জুরি;
- পিএডি দায়কে টার্ম লোনে পরিণত করা;
- আমদানিকৃত মালামাল হতে উৎপাদিত পণ্য রপ্তানি না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | | | |
|---|---|---|---|
| ১. | Acceptance | Commitment to pay against LC | এক ব্যাংকের শাখা অন্য ব্যাংকের শাখার উপর এলসি ইস্যু করলে উক্ত Acceptance দিতে হয়। |
| ২. | BMRE | Balancing, Modernization, Rehabilitation and Expansion. | প্রকল্প আধুনিকীকরণের নিমিত্ত গৃহীত কার্যক্রম। |
| ৩. | BTB (বিটিবি) | Back To Back | রপ্তানি ঋণপত্র। |
| ৪. | C.C (HYPO) wmwm (হাইপো) | Cash Credit Hypothecation | ঋণাংকের কমপক্ষে ১.৫ গুণ সম্পত্তি বন্ধক নিতে হবে। |
| ৫. | CIB | Credit Information Bureau | বাংলাদেশ ব্যাংকে রক্ষিত গ্রাহকের ক্রেডিট ইনফরমেশন। |
| ৬. | Cost of Fund : | - | মূল ঋণ (আসল টাকা), মামলা খরচ এবং ব্যাংকের প্রাতিষ্ঠানিক খরচসহ মোট ব্যয় কভার করার নাম Cost of Fund \| Cost of Fund কভার না করে সুদ মওকুফ করা যাবে না। |
| ৭. | CC (Pledge) | Cash Credit (Pledge) | ব্যাংকের নিয়ন্ত্রণে ঋণ গ্রহীতার নিজস্ব গুদামে রক্ষিত মালামালের বিপরীতে ঋণ সুবিধা (গুদামে রক্ষিত মালামালের সর্বোচ্চ ৮০% ঋণ সুবিধা)। |
| ৮. | ECC (ইসিসি) | Export Cash Credit | গার্মেন্টস ফ্যাক্টরি, হিমায়িত খাদ্য, চামড়া ইত্যাদি রপ্তানির ক্ষেত্রে রপ্তানিপূর্ব ঋণ সুবিধা। |
| ৯. | ETP ( ইটিপি) | Effluent Treatment Plant | পরিবেশ দূষণ থেকে রক্ষা পাওয়ার জন্য ETP স্থাপন করতে হয়। |
| ১০. | FBP (এফবিপি) | Foreign Bill Purchase | রপ্তানি কার্যক্রম সম্পন্ন হলে স্থানীয় ব্যাংক রপ্তানিকারকের বিল ক্রয় করে। |
| ১১. | FBPN (এফবিপিএন) | Foreign Bill Purchase Negotiation | রপ্তানি মূল্য প্রত্যাবাসিত না হলে স্থানীয় ব্যাংক বিদেশি ব্যাংকের সাথে যোগাযোগ করে দায় সমন্বয়ের চেষ্টা করে। |
| ১২. | FC (Account) (এফসি একাউন্ট) | Foreign Currency (Account) | বৈদেশিক মুদ্রা আগমনের ক্ষেত্রে FC (Account) খুলতে হয়। |
| ১৩. | FL | Funded Liability | এলসি দায় ব্যতীত সকল দায় ফান্ডেড দায়।<br>আন্তর্জাতিক ঋণ ব্যতীত দেশীয় ঋণসমূহ যে সকল ঋণ ব্যাংক কর্তৃক গ্রাহকের হিসাবের বিপরীতে পরিশোধিত হয়। যেমন:- সিসি (হাইপো), সিসি (প্লেজ), প্রকল্প ঋণ, কৃষি ও অকৃষিজ ঋণ। গৃহনির্মাণ ঋণ, ভোগ্যপণ্য ঋণ, ওডি, এসওডি। এসব ঋণ এলসি ঋণ খোলা ব্যতীত সরাসরি ফান্ডেড দায়। তাছাড়া এলসির মাধ্যমেও কিছু কিছু দায় ফান্ডেড দায় হিসাবে সৃষ্টি হয়। যেমন:- আমদানি ঋণ:-লিম, এলটিআর, পিএডি ইত্যাদি। রপ্তানি এলসির বিপরীতে পিসি, ফোর্সড লোন (রপ্তানি ব্যর্থতায় ঋণ)। |
| ১৪. | FL/DL (ফোর্সড লোন/ ডিমান্ড লোন) | Forced Loan/ Demand Loan | রপ্তানি ব্যর্থতায় আমদানিকৃত মালামালের মূল্য ব্যাংক কর্তৃক পরিশোধ করে পার্টির নামে ফোর্সড লোন/ডিমান্ড লোন সৃষ্টি করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | IDCP (আইডিসিপি প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রযোজ্য) | Interest During Construction Period | প্রকল্প ঋণ বিতরণ এবং আদায়ের মধ্যবর্তী সময়কালের সুদ। |
| ১৬. | LC (Gjwm) | Letter of Credit | বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ১৭. | LDBP | Local Document Bill Purchase | স্বীকৃত স্থানীয় ঋণ পত্রের বিপরীতে রপ্তানিকারকের রপ্তানি মূল্যের উপর বিল ক্রয় বাবদ ঋণ। |
| ১৮. | LIM (লিম) | Loan against Imported Merchandise | আমদানি ঋণপত্রের বিপরীতে LIM গুদাম না থাকা সাপেক্ষে আমদানিকারককে এ সুবিধা দেয়া হয়। |
| ১৯. | LTR (এলটিআর) | Loan Against Trust Receipts | আমদানি ঋণ পত্রের বিপরীতে সৃষ্ট ঋণ। |
| ২০. | Non-funded liability | - | এলসি খোলার বিপরীতে আন্তর্জাতিক ঋণ। যেমন:- ব্যাক টু ব্যাক এলসি, এলসি গ্যারান্টি ইত্যাদি দায় নন-ফান্ডেড দায়। |
| ২১. | PAD (পিএডি) | Payment Against Document | Arrangement under which a buyer can get the delivery (shipping) documents only upon full payment of the invoice or bill of exchange. Cash L/C at sight (Import L/C) এর ক্ষেত্রে Documents ব্যাংকে রেখে এ ঋণ সুবিধা দেয়া হয়। |
| ২২. | PC (পিসি) | Packing Credit | রপ্তানি পূর্ব মালামাল প্যাকিং করার ক্ষেত্রে ঋণ সুবিধা (রপ্তানি মূল্যের সর্বোচ্চ ১০%) |
| ২৩. | PSC (পিএসসি) | Pre-Shipment Cash Credit | গার্মেন্টস ফ্যাক্টরীর ক্ষেত্রে রপ্তানি পূর্ব ঋণ সুবিধা। |
| ২৪. | অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৪৬ ধারা | - | কোন ঋণ হিসাব মন্দ/কু-ঋণে শ্রেণিকৃত হলে উক্ত আইনের ধারা বলে ঋণ গ্রহীতার বিরুদ্ধে মামলা করা হয়। |
| ২৫. | অনারোপিত সুদ | - | ঋণ হিসাব মন্দ/কু-ঋণে শ্রেণিকৃত হলে লেজার স্থিতির উপর সুদ চার্জ না করে পৃথকভাবে যে সুদ হিসাব করা হয়। |
| ২৬. | আরোপিত সুদ | - | ঋণ স্থিতির উপর ধার্যকৃত সুদ। |
| ২৭. | এন,আই, এ্যাক্ট ১৮৮১ | Negotiation Instrument Act-1881 | ঋণগ্রহীতার নিকট হতে অগ্রিম গৃহীত চেক সময়মত ফান্ডের অভাবে প্রত্যাখ্যাত (Dishonored) হলে উক্ত আইনে মামলা করা যায়। |
| ২৮. | ডাউন পেমেন্ট | Down Payment | পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে ঋণগ্রহীতার নিকট হতে মোট ঋণাংকের স্বপক্ষে ১০% ডাউন পেমেন্ট নেয়া হয়। |
| ২৯. | ডেফার্ড এলসি | Deferred LC | A type of letter of credit that defers payment until an agreed point after the shipping documents have been presented by the exporter. |
| ৩০. | পুনঃতফসিল | - | কোন ঋণ হিসাব শ্রেণিকৃত হলে ঋণ গ্রহীতার অনুরোধে ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি করে ঋণ গ্রহীতাকে ঋণ পরিশোধের সুবিধা প্রদান করার জন্য ঋণ হিসাব পুনঃতফসিলিকরণ করা হয়। এক্ষেত্রে ডাউন পেমেন্ট নেয়া বাধ্যতামূলক। |
| ৩১. | ব্লক ঋণ সুবিধা হিসাব | - | ঋণগ্রহীতার একাধিক ঋণ হিসাব থাকলে কোনো একটি বা ততোধিক হিসাবে সুদ চার্জ না করে ব্লক রাখা হয়।<br>সাধারণত প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্পটি যাতে বন্ধ না হয় সে লক্ষ্যে ব্যাংক কর্তৃক ঋণ গ্রহীতাকে আলোচ্য সুবিধা দেয়া হয়। |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত অর্থ (টাকায়) |
|---|---|---|
| ১ | ডিমান্ড লোন/ পিএডি বাবদ অর্থ মেয়াদোত্তীর্ণ হওয়ার পরও আদায় না হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ৬৮,৩৩,৫৬,৯৩৬ |
| ২ | পিএডি ঋণ পুনঃতফসিল করার পরও আদায় না হওয়ায় এবং মন্দ ঋণে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ১২২,৭৮,৬৯,৪৭৩ |
| ৩ | প্যাকিং ক্রেডিট খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ১০,৯৬,৭৯,৪৩৪ |
| ৪ | ক্যাশ ক্রেডিট (হাইপো) মঞ্জুর ও বিতরণকৃত ঋণের টাকা আদায় না হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ৭,৪৫,৪৭,২২২ |
| ৫ | মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত সিসি (হাইপো) ঋণ দীর্ঘদিন যাবৎ আদায় না হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ৯,১৮,০৯,৮৭২ |
| ৬ | ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) আদায় না হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ৭,৯০,৪৮,৯৩০ |
| ৭ | এলটিআর (এফসি) খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণের পরও আদায় না হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ১,০১,২৩,৮৯০ |
| ৮ | সিসি (হাইপো) ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের অনাদায়ি | ৮২,৮৩,৭৬৮ |
| ৯ | সহজামানত অতিমূল্যায়িত করে ঋণ বিতরণ করায় ব্যাংক ক্ষতির সম্মুখীন | ৪৪,৯৯,৭৯৩ |
| | **সর্বমোট** | **২২৮,৯২,১৯,৩১৮** |
| | **কথায় : দুইশত আটাশ কোটি বিরানব্বই লক্ষ উনিশ হাজার তিনশত আঠারো টাকা মাত্র** | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ : ০১

**শিরোনাম :** ডিমান্ড লোন/পিএডি বাবদ অর্থ মেয়াদোত্তীর্ণ হওয়ার পরও আদায় না হওয়ায় ব্যাংকের ৬৮,৩৩,৫৬,৯৩৬ (আটষট্টি কোটি তেত্রিশ লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত ছত্রিশ) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, লালদিঘী ইস্ট কর্পোরেট শাখা, চট্টগ্রাম এর ২০১৫ পঞ্জিকা বছর এবং ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে, ডিমান্ড লোন/পিএডি সংক্রান্ত নথি ও বিবরণী যাচাই করে দেখা যায় যে, ডিমান্ড লোন/পিএডি বাবদ অর্থ মেয়াদোত্তীর্ণ হওয়ার পরও আদায় না হওয়ায় ব্যাংকের ৬৮,৩৩,৫৬,৯৩৬ টাকা অনাদায়ি।

জনতা ব্যাংক লি:, প্রধান কার্যালয়, ঢাকা এর ২০/০৯/২০১৫ খ্রি. তারিখের পত্র নং-আইসিডি/মডার্ণ ষ্টীল/ নবায়ন/ ২০১৫/৬৮১ মাধ্যমে মেসার্স মডার্ণ ষ্টীল মিলস লি: এর ১০% মার্জিনে বিদ্যমান ১৫০০ মিলিয়ন টাকার এলসি লিমিট (বৈদেশিক/ স্থানীয়/ সাইট/ ১৮০দিন মেয়াদি ডেফার্ড) ৩১/০৮/২০১৬ খ্রি. মেয়াদে নবায়ন করা হয়। পরবর্তীতে পিএডি (পেমেন্ট এগেনেষ্ট ডকুমেন্ট)/ডিমান্ড লোন সৃষ্টির মাধ্যমে ঋণগ্রহীতার বৈদেশিক ও স্থানীয় বিল বাবদ ৭৭,৩১,২৪,২১৭ টাকা পরিশোধ করা হয়। বর্ণিত পরিশোধের বিপরীতে ২৮/০২/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত সুদাসলে ১১,৪৩,৮৩,২৯২ টাকা আদায় হয়েছে ও ৬৮,৩৩,৫৬,৯৩৬ টাকা ব্যাংকের অনাদায়ি রয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, মেসার্স মডার্ণ স্টীল মিলস লিঃ এর ১৫০,০০,০০,০০০ টাকা এলসি লিমিট (বৈদেশিক/স্থানীয়/সাইট/১৮০দিন মেয়াদি ডেফার্ড) এর অধীনে ১১টি বৈদেশিক ও ৬টি স্থানীয় ১৮০দিন মেয়াদি ডেফার্ড এলসি'র বিপরীতে স্ক্র্যাপ মালামাল ক্রয় করে। কিন্তু প্রতিষ্ঠানটি নির্দিষ্ট সময়ে অর্থ পরিশোধ না করায় ব্যাংক কর্তৃপক্ষ পিএডি (পেমেন্ট এগেইনস্ট ডকুমেন্ট)/ ডিমান্ড লোন সৃষ্টির মাধ্যমে নিয়মমাফিক সরবরাহকারীর বৈদেশিক ২৮টি ও স্থানীয় ১১টি বিল বাবদ যথাক্রমে (৩৪০০৬০৭১৭ + ৪৩৩০৬৩৫০০) বা ৭৭,৩১,২৪,২১৭ টাকা পরিশোধ করে। উল্লেখ্য, ডেফার্ড এলসি'র ক্ষেত্রে পরিশোধের তারিখ আসার পূর্বেই সংশ্লিষ্ট মালামাল ক্রয়কারী/আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক ফান্ড বিল্ড আপ করে থাকে এবং পিএডি সৃষ্টির তারিখেই মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়।

২৮/০২/২০১৭ খ্রি. তারিখভিত্তিক ব্যালান্সিং রিপোর্ট অনুযায়ী সুদাসলে ১১,৪৩,৮৩,২৯২ টাকা আদায় হয়েছে ও ৬৮,৩৩,৫৬,৯৩৬ টাকা অনাদায়ি রয়েছে (বিস্তারিত পরিশিষ্ট: ১)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত নং-০৩ এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

- গ্রাহক পিএডি দায়সমূহ ক্রমান্বয়ে সমন্বয় করবেন মর্মে শাখাকে অবহিত করেছেন।
- মেসার্স মডার্ণ স্টীল মিলস লিঃ এর নিকট হতে ১১.৪৪ কোটি টাকা আদায় করা হয়েছে। অবশিষ্ট পাওনা আদায়ে শাখার তাগিদ প্রদানের পাশাপাশি ব্যক্তিগত যোগাযোগসহ সার্বিক প্রচেষ্টা অব্যাহত আছে।
- উল্লিখিত বিষয়ে ২১/০৬/২০১৭ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ২৭/০৭/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ২২/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য :**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে পিএডি দায়সমূহ ক্রমান্বয়ে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট পাওনা আদায়ে প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে বলা হলেও প্রায় ২ বছর ৬ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও অনাদায়ি অর্থ আদায়ের অগ্রগতি সম্পর্কে অদ্যাবধি নিরীক্ষাকে অবহিত করা হয়নি। উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ তদারকি অভাব পরিলক্ষিত হয়েছে এবং যথাসময়ে অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তবে ফলোআপ অডিট প্রতিবেদনের তথ্য ও Bank Statement অনুযায়ী মেসার্স মর্ডান স্টীল মিলস লিঃ এর কাছে ডিমান্ড/ পিএডি লোনের ৬৮,৩৩,৫৬,৯৩৬ টাকা মেয়াদোত্তীর্ণ হওয়ার পরও অদ্যাবধি অনাদায়ি রয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :**

যথাসময়ে ঋণটি আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ : ০২

**শিরোনাম :** পিএডি ঋণ পুনঃতফসিল করার পরও আদায় না হওয়ায় এবং মন্দ ঋণে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের ১২২,৭৮,৬৯,৪৭৩ (একশত বাইশ কোটি আটাত্তর লক্ষ উনসত্তর হাজার চারশত তিয়াত্তর) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, বৈদেশিক বিনিময় কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম এর ২০১৩ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে সিএল বিবরণী, পিএডি রেজিস্টার, মঞ্জুরিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পিএডি ঋণ পুনঃতফসিল করার পরও আদায় না হওয়ায় এবং মন্দ ঋণে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের ১২২,৭৮,৬৯,৪৭৩ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, রপ্তানির মাস্টার এলসি এর আওতায় ফেব্রিক্স ও এক্সেসরিজ কেনার জন্য রপ্তানিকারক বনলতা গার্মেন্টস লিঃ, বনবীথি ফ্যাশন ওয়্যার লিঃ, প্রীতি এ্যাপারেলস লিঃ, বনলতা এ্যাপারেলস লিঃ ও চয়েস গার্মেন্টস লিঃ মোট ৫টি প্রতিষ্ঠানের অনুকূলে ব্যাক টু ব্যাক (বিটিবি) এলসি খোলা হয়।

রপ্তানিকারকগণ কর্তৃক আমদানিকৃত মালামাল দ্বারা পোশাক প্রস্তুত করে সময়মতো রপ্তানি করতে না পারায় রপ্তানি প্রত্যাবাসিত মূল্য দ্বারা ব্যাক টু ব্যাক এলসি দায় পরিশোধ করতে পারেনি। পরবর্তীতে ব্যাক টু ব্যাক এলসি এর মেয়াদ পূর্তিতে ব্যাংক শাখা কর্তৃক ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) দায় সৃষ্টি করে ব্যাক টু ব্যাক এলসি দায় পরিশোধ করে।

ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) সৃষ্টির পর রপ্তানিকারকগণ কর্তৃক কোনো টাকা পরিশোধ করা হয়নি। পরবর্তীতে রপ্তানিকারকগণের আবেদন ও শাখা ইনচার্জের সুপারিশক্রমে ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক মেয়াদ বৃদ্ধি করে সর্বশেষ পুনঃতফসিলিকরণ করা হয়। পুনঃতফসিল নং- (১) এফটিডি/বৈঃবি-চট্ট/বনলতা/পুনর্বিন্যাস/২০১৫/১৮ ও ১৯, তারিখ: ২১/৭/২০১৫ খ্রি., (২) এফটিডি/বৈঃবিচট্ট/বনবিথি/পুনর্বিন্যাস/২০১৫/২০ ও ২১, তারিখ: ২১/৭/২০১৫ খ্রি. (৩) এফটিডি/বৈঃবি-চট্ট/প্রীতি/পুনর্বিন্যাস/২০১৫/২২ ও ২৩, তারিখ: ২১/৭/২০১৫ খ্রি. (৪) এফটিডি/চয়েস/ডিমান্ড লোন, পিসি, এলটিআর, ইসিসি/আক্তার/১৫/০৬, তারিখ: ২০/৯/২০১৫ খ্রি.। পুনর্বিন্যাস অনুমোদনপত্রের ছ (৮) ও (৪) নং শর্তে দুটি কিস্তি পরিশোধে ব্যর্থতায় প্রদত্ত সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় ঋণ আদায়ের জন্য প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে বলা হয়েছে। কিন্তু ঋণগ্রহীতা পুনর্বিন্যাসিত/বর্ধিত সময়ের সুবিধা গ্রহণে ব্যর্থ হওয়ায় উক্ত সুবিধা বাতিল হলেও ব্যাংক কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেনি। ফলে ঋণগুলো মেয়াদোত্তীর্ণ হয়ে মন্দ ঋণে শ্রেণিকৃত হয়ে যায় এবং ব্যাংকের ১২২,৭৮,৬৯,৪৭৩ টাকা অনাদায় সৃষ্টি হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট: ২)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত ছ (৮) ও (৪) এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

- দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেয়ায় রপ্তানিমূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি। ঋণগুলো পুনঃতফসিল করার পর গ্রাহক চলতি মূলধনের অভাবে ফ্যাক্টরি সম্পূর্ণ পূর্ণ উদ্যমে পরিচালনা করতে না পারায় ঋণের কিস্তি পরিশোধ করতে পারেনি। বর্তমানে পুনরায় পুনঃতফসিলের জন্য প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য :**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি মর্মে বলা হলেও তার সপক্ষে কোনো প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। পুনঃতফসিলের পর আদায়ের হার খুবই নগণ্য। ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাসময়ে অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তবে ফলোআপ অডিট প্রতিবেদন হতে দেখা যায় যে, ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় অর্থ ঋণ আদালতে মামলা নং-৪০২/২০১৫; ২৩/০৮/২০১৫ খ্রি., মামলা নং-১৫০/২০১৭; ২০/০৪/২০১৭ খ্রি., মামলা নং-১৪৯/২০১৭; ২০/০৪/২০১৭ খ্রি. মামলা নং-২৩৪/২০১৭; ২১/০৬/২০১৭ খ্রি. তারিখ এর মাধ্যমে দায়ের করা হয়েছে, যা চলমান রয়েছে। ৫টি প্রতিষ্ঠানের ৯টি ঋণ হিসাবে জড়িত ১২২,৭৮,৬৯,৪৭৩ টাকা অনাদায়ি রয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :**

- যথাসময়ে ঋণটি আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা এবং আপত্তিকৃত টাকা আদায় আবশ্যক।

**অনুচ্ছেদ : ০৩**

**শিরোনাম :** প্যাকিং ক্রেডিট খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের ১০,৯৬,৭৯,৪৩৪ (দশ কোটি ছিয়ানব্বই লক্ষ ঊনআশি হাজার চারশত চৌত্রিশ) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, বৈদেশিক বিনিময় কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম এর ২০১৩ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে সিএল বিবরণী, প্যাকিং ক্রেডিট খাতে প্রদত্ত ঋণ মঞ্জুরি নথি, ব্যাংক হিসাব বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, প্যাকিং ক্রেডিট খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের ১০,৯৬,৭৯,৪৩৪ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, রপ্তানি পণ্যের মোড়কীকরণের উদ্দেশ্যে বনবীথি ফ্যাশন ওয়্যার লিঃ, প্রীতি এ্যাপারেলস লিঃ ও চয়েস গার্মেন্টস লিঃ কে প্যাকিং ক্রেডিট খাতে ঋণ দেয়া হয়। ঋণগ্রহীতা কর্তৃক উৎপাদন ও সময়মতো রপ্তানি ব্যর্থতায় শর্ত মোতাবেক টাকা আদায় না হওয়ায় গ্রহীতার আবেদন ও শাখা ইনচার্জের সুপারিশক্রমে প্রধান কার্যালয় হতে মঞ্জুরি নম্বর (১) এফটিডি/বৈঃবি-চট্র/ বনবীথি/ পুনর্বিন্যাসকরণ/২০১৫/১৯; তারিখ : ২১/৭/২০১৫ খ্রি., (২) এফটিডি/বৈঃবি-চট্টঃ/প্রীতি/ পুনর্বিন্যাসকরণ/২০১৫/২৩; তারিখ : ২১/৭/২০১৫ খ্রি., (৩) এফটিডি/ চয়েস/ডিমান্ড লোন, পিসি, এলটিআর/ইসিসি/ আক্তার/১৫/৬; তারিখঃ ২০/৯/২০১৫ খ্রি. মাধ্যমে পুনঃতফসিল করে নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধের নিমিত্ত সময় বর্ধিত করা হয়। মঞ্জুরিপত্রের শর্ত ছ (১) ও (৪) মোতাবেক গ্রাহক সম্পূর্ণ টাকা পরিশোধে ব্যর্থ হওয়ায় পুনঃতফসিল মঞ্জুরি বাতিল হয়ে যায় এবং বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক ঋণগুলো মন্দ ঋণে শ্রেণিকরণ করা হয়। উল্লেখ্য যে, পুনঃতফসিল মোতাবেক নির্দিষ্ট মেয়াদের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধের কথা থাকলেও ৩ জন গ্রাহক মাত্র ১১,১৫,০০০ টাকা পরিশোধ করে। ৩০/৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত গ্রাহকগণের নিকট ব্যাংকের অনাদায়ির পরিমাণ ১০,৯৬,৭৯,৪৩৪ টাকা (বিস্তারিত পরিশিষ্ট: ৩)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত ছ (১) ও (৪) এর লঙ্ঘন ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

- দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি। ঋণগুলো পুনঃতফসিল করার পর গ্রাহক চলতি মূলধনের অভাবে ফ্যাক্টরি সম্পূর্ণ পূর্ণ উদ্যমে পরিচালনা করতে না পারায় কিস্তি পরিশোধ করতে পারেনি। বর্তমানে পুনরায় পুনঃতফসিলের জন্য প্রস্তাব প্রধান কার্যালয় প্রেরণ করা হয়েছে।
- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানিমূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি মর্মে বলা হলেও তার সপক্ষে কোন প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। পুনঃতফসিলের পর আদায়ের হার খুবই নগণ্য। উল্লেখ্য, কিস্তি পরিশোধ না করা সত্ত্বেও ব্যাংক কর্তৃক যথাসময়ে অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তবে পরবর্তীতে অগ্রগতি যাচাইয়ে দেখা যায়,

(১) মেসার্স চয়েস গার্মেন্টস লিঃ এর ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় অর্থ ঋণ আদালতে ২২/০৬/২০১৭ খ্রি. তারিখে মামলা দায়ের করা হয়েছে, মামলা নং- ২৩৪/২০১৭।

(২) মেসার্স বনবীথি ফ্যাশন লিঃ ০২/০৪/২০১৯ খ্রি., ১৩৯/২০১৯ মামলা দায়ের করা হয়েছে, যা চলমান রয়েছে।

(৩) প্রীতি এ্যাপারেলস লিঃ ২০/০৪/২০১৭ খ্রি., মামলা নং ১৪৯/২০১৭ দায়ের করা হয়েছে, যা চলমান রয়েছে।

**নিরীক্ষার সুপারিশঃ**

যথাসময়ে ঋণগুলি আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ : ০৪

**শিরোনাম:** ক্যাশ ক্রেডিট (হাইপো) মঞ্জুর ও বিতরণকৃত ঋণের টাকা আদায় না হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের ৭,৪৫,৪৭,২২২ (সাত কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাতচল্লিশ হাজার দুইশত বাইশ) টাকা অনাদায়ি।

**বিবরণ:**

জনতা ব্যাংক লিঃ, এরিয়া অফিস, পাবনা ও এর আওতাধীন ৭টি শাখার ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে ঋণ কেস নথি, ঋণ লেজার/কার্ড পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ক্যাশ ক্রেডিট (হাইপো) মঞ্জুর ও বিতরণকৃত ঋণের টাকা আদায় না হয়ে খেলাপি হয়ে মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকের ৭,৪৫,৪৭,২২২ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, পরিশিষ্টে বর্ণিত মেসার্স অভি সুজ ও মেসার্স ফাতেমা এন্ড দিলু ট্রেডিংকে ক্যাশ ক্রেডিট (হাইপো) ঋণ প্রদান করা হয়। ঋণের টাকা আদায়ের ক্ষেত্রে তৎপরতার অভাব থাকায় অর্থাৎ তদারকি ও সময়োপযোগী কার্যকর ব্যবস্থা গ্রহণের অভাবে আদায় না হয়ে ঋণ দুটি খেলাপি ও মন্দ ঋণে পরিণত হয়েছে।

মঞ্জুরি পত্র নং-এডিবি/৩৩(০৩)/১২:শহিদুল, তারিখ : ০৩/১০/২০১২ খ্রি. এর ৭ নং শর্ত মোতাবেক সিসি (হাইপোঃ) ঋণের জামানত হিসাবের মজুত মালামালের নিয়মিত ঘূর্ণায়ন ও ঋণ হিসাবে সন্তোষজনক লেনদেন এবং মঞ্জুরিপত্র নং-সিসি (হাঃ)-১৯৮/২০১৪; তারিখ : ৩০/০৬/২০১৪ খ্রি. এর ৭ নং শর্তানুযায়ী ধান ক্রয়/অগ্রিম গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে গ্রাহক কর্তৃক গৃহীত অগ্রিমের অর্থ আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে ও মালামালের ঘূর্ণায়ন ও ঋণ হিসাবে সন্তোষজনক লেনদেন নিশ্চিত করার কথা বলা হয়। কিন্তু সঠিকভাবে যাচাই/বাছাই না করে পরিশিষ্টে বর্ণিত গ্রাহকদের অনুকূলে ক্যাশ ক্রেডিট (হাইপোঃ) ঋণ মঞ্জুর ও বিতরণ করায় ঋণগুলো খেলাপিতে পরিণত হয়।

ঋণ পরিশোধের নির্ধারিত সময়সীমা দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও আদায় না হওয়ায় ব্যাংকের ৭,৪৫,৪৭,২২২ টাকা অনাদায়ি রয়েছে [বিবরণ পরিশিষ্ট: ৪ (১–৭)]।

**অনিয়মের কারণ:**

- মঞ্জুরিপত্রের শর্ত নং-৭ এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

- ব্যাংকের প্রধান কার্যালয়ের আদেশ মোতাবেক সুদ মওকুফ সুবিধা প্রদান করা হয়েছে।
- অন্যান্য ঋণের অনাদায়ি অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।
- উল্লিখিত বিষয়ে ১২/০৬/২০১৭ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ১৯/০৭/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ১৯/০৪/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

অডিটি প্রতিষ্ঠানের জবাব সন্তোষজনক নয়। কারণ সুদ মওকুফ সুবিধা করা হলেও ঋণের অর্থ আদায় হয়নি এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। অডিটি প্রতিষ্ঠানের জবাব এবং ফলোআপ অডিটের তথ্য অনুযায়ী পরিশিষ্টে বর্ণিত মোট ৩৫ জন ঋণগ্রহীতার মধ্যে ১৩ জন গ্রহীতার ঋণে জড়িত মোট ১,৭৬,৯৬,৭৩৯ টাকা আদায়/সমন্বয়ের মাধ্যমে নিয়মিত করা হয়েছে। অবশিষ্ট ২২ জন ঋণগ্রহীতার অর্থাৎ (৯,২২,৪৩,৯৬১–১,৭৬,৯৬,৭৩৯) বা ৭,৪৫,৪৭,২২২ টাকা অনাদায়ি রয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:**

যথাসময়ে ঋণগুলো আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৫

**শিরোনাম:** মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত সিসি (হাইপো) ঋণ দীর্ঘদিন যাবৎ আদায় না হওয়ায় ব্যাংকের ৯,১৮,০৯,৮৭২ (নয় কোটি আঠারো লক্ষ নয় হাজার আটশত বাহাত্তর) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, বৈদেশিক বিনিময় কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম এর ২০১৩ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে সিসি (হাইপো) ঋণ মঞ্জুরি ও বিতরণ সংক্রান্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত সিসি (হাইপো) ঋণ দীর্ঘদিন যাবৎ আদায় না হওয়ায় ব্যাংকের ৯,১৮,০৯,৮৭২ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়,

(ক) রপ্তানিমুখী প্রতিষ্ঠান মেসার্স চয়েস গার্মেন্টস লিঃ কে শ্রমিক/কর্মচারীদের বেতন, ভাতা, মজুরি ইত্যাদি পরিশোধের জন্য প্রধান কার্যালয়ের সূত্র নং-এমএমএইচ /আইটিডি (এক্সপোর্ট)/ চট্টগ্রাম/ চয়েস/ ইসিসি/ বর্ধিত/০৮ তারিখঃ ৭/১২/২০০৮ খ্রি. এর মাধ্যমে ১ বছর মেয়াদে সিসি (হাইপো) ঋণসীমা ৩ কোটি টাকা থেকে ৫ কোটি টাকায় ঋণাংক বৃদ্ধি মঞ্জুর করা হয়। ঋণের মেয়াদ সীমা ছিল ৩০/৬/২০০৯ খ্রি. পর্যন্ত। সর্বশেষ সূত্র নং এফটিডি/চয়েস/ ইসিসি(হাঃ), ডি-লোন, পিসি পুনর্বিন্যাস/আক্তার/১৪; তাং-৩০/১২/২০১৪ খ্রি. এর মাধ্যমে মেয়াদ সীমা ৩০/০৬/২০১৫ খ্রি. নির্ধারণ করে নবায়ন করা হয় এবং

(খ) মেসার্স বনবীথি ফ্যাশন ওয়্যার লিঃ ও মেসার্স বনলতা গার্মেন্টস লিঃ (একই মালিকানাধীন)-কে কারখানার উৎপাদন সুষ্ঠুভাবে পরিচালনা ও রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে প্রধান কার্যালয়ের মঞ্জুরিপত্র নং-এমএএ/এফটিডি/বৈঃবি-বনবীথি ফ্যাশন/বনলতা গাঃ/ইসিসি/০৯ তারিখঃ ১৮/০৮/২০০৯ খ্রি. এর মাধ্যমে ১ বছর মেয়াদে যথাক্রমে ২ কোটি ও ১ কোটি টাকার ইসিসি (হাইপো) ঋণসীমা মঞ্জুর করা হয়।

নিরীক্ষা পর্যালোচনায় পরিলক্ষিত হয়, মেসার্স চয়েস গার্মেন্টস লিঃ এর ঋণের হিসাবে ৩০/০৬/২০১৬ খ্রি. পর্যন্ত ৬,২০,৩৫৪ টাকা জমা করা হয়। মেয়াদোত্তীর্ণের পর ঋণটি নিরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত নবায়ন করা হয়নি। ফলে ঋণটি মেয়াদোত্তীর্ণ হয়ে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণিকৃত হয়ে যায়। ৩০/০৬/২০১৬ খ্রি. পর্যন্ত সুদাসলে ক্ষতির পরিমাণ দাড়ায় ৫,৩৬,০৫,৫০৭ টাকা।

জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ের সূত্র নং- ১২ তারিখঃ ১১/০১/২০১২ খ্রি. তারিখ মাধ্যমে মেসার্স বনবীথি ফ্যাশন ওয়্যার লিঃ ও মেসার্স বনলতা গার্মেন্টস লিঃ এর ওভারডিউ দায় আদায় সাপেক্ষে ৩০/০৬/২০১৩ খ্রি. মেয়াদে ঋণগুলো নবায়ন মঞ্জুরি দেয়া হয় কিন্তু গ্রাহক দায় পরিশোধে ব্যর্থ হলে ঋণ হিসাব ২টি আবার শ্রেণিকৃত (বিএল) ঋণে পরিণত হয়।

পরবর্তীতে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে শুধুমাত্র সমন্বয়/পরিশোধের শর্তে প্রধান কার্যালয় এর সূত্র নং ১৬ ও ১৭ তারিখঃ ১৫/০৯/২০১৪ খ্রি. তারিখে মেসার্স বনবীথি ফ্যাশন ওয়্যার লিঃ এর দায় ২২.৫১২ মিলিয়ন টাকা এবং মেসার্স বনলতা গার্মেন্টস লিঃ এর দায় ১১.২৭৩ মিলিয়ন টাকা ৩০/৬/২০১৫ খ্রি. মেয়াদে পুনঃসূচিকরণ করা হলেও ৩০/৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত যথাক্রমে ৩,১৫,০০০ টাকা ও ১০,৯০,৩৫০ টাকা জমা প্রদান করা হয়। ফলে উক্ত পুনঃসূচিকরণ এর অনুমোদন বাতিল হয়ে ঋণ ২টি মন্দ ঋণে পরিণত হয়। ৩০/৬/২০১৬ খ্রি. পর্যন্ত ঋণ ২টির বিপরীতে আদায়ের পরিমাণ ১৪,০৫,৩৫০ টাকা এবং অনাদায়ের পরিমাণ ৩,৮২,০৪,৩৬৫ টাকা।

ঋণ গ্রহীতাগণ মঞ্জুরিপত্রের শর্ত জ এর ০৪ নং ভঙ্গ করলেও ব্যাংক কর্তৃপক্ষ তদানুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হওয়ায় এবং পরিশিষ্টে বর্ণিত ৩টি ঋণের বিপরীতে মেয়াদের মধ্যে মাত্র ২০,২৫,৭০৪ টাকা আদায় হওয়ায় অবশিষ্ট ৯,১৮,০৯,৮৭২ টাকা অনাদায়ি রয়েছে (বিস্তারিত পরিশিষ্টঃ ৫)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত নং-জ(০৪) এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ**

- দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি। ঋণগুলো পুনঃতফসিল করার পর গ্রাহক চলতি মূলধনের অভাবে ফ্যাক্টরি সম্পূর্ণ পূর্ণ উদ্যমে পরিচালনা করতে না পারায় ঋণের কিস্তি পরিশোধ করতে পারেনি। বর্তমানে পুনরায় পুনঃতফসিলের জন্য প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাব অনুযায়ী বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানিমূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি মর্মে বলা হলেও তার সপক্ষে কোনো প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। পুনঃতফসিলের পর আদায়ের হার খুবই নগণ্য। উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ তদারকি অভাব পরিলক্ষিত হয়েছে এবং যথাসময়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

(ক) মেসার্স চয়েজ গার্মেন্টস লিঃ এর ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় অর্থ ঋণ আদালতে ২২/০৬/২০১৭ খ্রি. তারিখে মামলা দায়ের করা হয়েছে, মামলা নং- ২৩৪/২০১৭; এবং

(খ) মেসার্স বনলতা গার্মেন্টস লিঃ ২০/০৪/২০১৭ খ্রি. মামলা নং ১৫০/২০১৭ ও বনবীথি ফ্যাশন লিঃ ০২/০৪/২০১৯ খ্রি., মামলা নং ১৩৯/২০১৯ দায়ের করা হয়েছে, যা চলমান রয়েছে।

**নিরীক্ষার সুপারিশঃ**

যথাসময়ে ঋণগুলো আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ : ০৬

**শিরোনাম :** ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) আদায় না হওয়ায় ব্যাংকের ৭,৯০,৪৮,৯৩০ (সাত কোটি নব্বই লক্ষ আটচল্লিশ হাজার নয়শত ত্রিশ) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, বৈদেশিক বিনিময় কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম এর ২০১৩ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে সিএল বিবরণী, পিএডি রেজিস্টার, মঞ্জুরি নথি পর্যালোচনায় দেখা যায় যে, ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) আদায় না হওয়ায় ব্যাংকের ৭,৯০,৪৮,৯৩০ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, চট্টগ্রাম অঞ্চলের মেসার্স চয়েজ গার্মেন্টস লিঃ এবং প্রীতি এ্যাপারেলস লিঃ এর শিল্প প্রতিষ্ঠানের তৈরি পোশাক রপ্তানির নিমিত্ত রপ্তানি এলসি (মাস্টার এলসি) এর বিপরীতে ব্যাংকের প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে ফেব্রিক ও বিভিন্ন এক্সেসরিস ক্রয় করার জন্য ব্যাক টু ব্যাক এলসি খোলা হয়।

এলসির বিপরীতে গার্মেন্টস সামগ্রী আমদানির পর মেয়াদ পূর্তির দিনে জনতা ব্যাংক লিঃ কর্তৃক বেনিফিসিয়ারিকে আমদানি মূল্য পরিশোধ করা হয়।

রপ্তানি এলসি এর শর্ত মোতাবেক গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি ব্যর্থতায় নির্দিষ্ট সময়ের মধ্যে জনতা ব্যাংক লিঃ কর্তৃক ঋণের টাকা প্রাপ্ত না হওয়ায় শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ডিমান্ড লোন (ব্যাক টু ব্যাক) সৃষ্টি করে এলসির দায় পরিশোধ করা হয়। মঞ্জুরিপত্রের শর্ত ছ (১) ও (২) এ যথাক্রমে ডিমান্ড লোন (বিবিধ) দায় এর বিপরীতে স্টকলটকৃত মালামাল এর উপর শাখার প্রত্যক্ষ তত্ত্বাবধান নিশ্চিত করা ও উক্ত স্টকলটকৃত মালামাল রপ্তানি/বিক্রয়লব্ধ অর্থ দ্বারা সাথে সাথে আলোচ্য ডিমান্ড লোন (বিবি) পরিশোধ করার এবং স্টকলট সৃষ্টি হলে গ্রাহককে নিজস্ব উৎস হতে সংশ্লিষ্ট দায় সমন্বয় করার উল্লেখ থাকলেও তা করা হয়নি।

পরিশিষ্টে বর্ণিত ২টি প্রতিষ্ঠানকে বিভিন্ন সময়ে সর্বমোট ৭,৫৭,১৬,৫০২ টাকা ঋণ মঞ্জুর করা হয়। ৩০/০৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত শুধুমাত্র প্রীতি এ্যাপারেলস লিঃ এর পিএডি দায় ১৬, ১৮ ও ১৯/২০১৫ এর বিপরীতে আদায় হয়েছে মাত্র ৪৫০০০ টাকা এবং সুদ বাবদ ৩৩,৩২,৪২৮ টাকাসহ সুদাসলে মোট ৭,৯০,৪৮,৯৩০ টাকা অনাদায়ি রয়েছে, যা মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত (বিস্তারিত পরিশিষ্ট: ০৬)।

**অনিয়মের কারণ:**

- মঞ্জুরিপত্রের শর্ত নং ছ এর (১) ও (২) লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

- দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি। ঋণগুলো পুনঃতফসিলিকরণের প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অনুমোদন হয়ে আসলে দায় দেনা আদায়/নিয়মিত করা হবে।
- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

অডিটি প্রতিষ্ঠানের জবাব অনুযায়ী বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানিমূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি মর্মে বলা হলেও তার সপক্ষে কোনো প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ তদারকির অভাব পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য যে মেসার্স চয়েজ গার্মেন্টস লিঃ এর ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় অর্থ ঋণ আদালতে ২২/০৬/২০১৭ খ্রি. তারিখে মামলা দায়ের করা হয়েছে, মামলা নং- ২৩৪/২০১৭ এবং প্রীতি এ্যাপারেলস লিঃ এর বিপরীতে ২০/০৪/২০১৭ খ্রি. তারিখে মামলা নং ১৪৯/২০১৭ দায়ের করা হয়েছে। ব্যাংকের ঋণ আদায় কার্যক্রম জোরদার না হওয়ায় প্রতিটি ক্ষেত্রে ঋণ মন্দ ঋণে শ্রেণিকৃত যা ব্যাংকের দুর্বল কার্যক্রমের প্রমাণ।

**নিরীক্ষার সুপারিশ:**

যথাসময়ে ঋণগুলো আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ : ০৭

**শিরোনাম:** এলটিআর (এফসি) খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণের পরও আদায় না হওয়ায় ব্যাংকের ১,০১,২৩,৮৯০ (এক কোটি এক লক্ষ তেইশ হাজার আটশত নব্বই) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, বৈদেশিক বিনিময় কর্পোরেট শাখা, সিডিএ এনেক্স বিল্ডিং, চট্টগ্রাম এর ২০১৩ পঞ্জিকা বছর হতে ২০১৫ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে সিএল বিবরণী, এলটিআর রেজিস্টার, মঞ্জুরি নথি পর্যালোচনায় দেখা যায় যে, এলটিআর (এফসি) খাতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণের পরও আদায় না হওয়ায় ব্যাংকের ১,০১,২৩,৮৯০ টাকা অনাদায়ি।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়, মেসার্স বনলতা গার্মেন্টস লিঃ এবং মেসার্স চয়েস গার্মেন্টস লিঃ রপ্তানিকারকদেরকে রপ্তানি পণ্য উৎপাদনের লক্ষ্যে মেশিনারিজ ক্রয়ের জন্য ব্যাংক শাখা ইনচার্জের সুপারিশ ও প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে এলটিআর (এফসি) (Loan against Trust Receipt- Foreign Currency) ঋণ মঞ্জুর করা হয়।

ঋণের শর্তানুযায়ী ২টি ত্রৈমাসিক কিস্তিতে ঋণগুলো আদায় না হওয়ায় রপ্তানিকারকদের আবেদন ও প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে পুনঃতফসিল ও পুনর্বিন্যাস করে পরিশোধের মেয়াদ বৃদ্ধি করা হয়। পত্র নং- (১) এফটিডি/বৈবি-চট্ট/ বনলতা/ পুনর্বিন্যাসকরণ/ ২০১৫/১৯; তারিখ : ২১/৭/২০১৫ খ্রি. এবং (২) এফটিডি/ চয়েস/ ডিমান্ড লোন, পিসি, এলটিআর, ইসিসি/আক্তার/১৫/০৬ তারিখঃ ২০/৯/২০১৫ খ্রি.।

ঋণগুলো পুনঃতফসিল হওয়ার পরও ব্যাংক কর্তৃক মেয়াদ সীমার মধ্যে দায় আদায় করতে পারেনি। শুধু বনলতা গার্মেন্টস লিঃ হতে ১৫,০০০ টাকা আদায় করা হয়। চয়েস গার্মেন্টস লিঃ হতে কোনো টাকা আদায় করা হয়নি। ফলে ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং নীতিমালা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নির্দেশ বিজ্ঞপ্তি নং : ৪৪৩/১৩, তারিখ ; ৩১/০৩/২০১৩ খ্রি. মোতাবেক ঋণগুলো মেয়াদোত্তীর্ণ, মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হয়ে যায়। ৩০/৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ব্যাংকের ১,০১,২৩,৮৯০ টাকা অনাদায়ি রয়েছে (বিস্তারিত পরিশিষ্টঃ ০৭)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত নং-গ, ঘ ও চ এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

- দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি। ঋণগুলো পুনঃতফসিল করার পর গ্রাহক চলতি মূলধনের অভাবে ফ্যাক্টরি সম্পূর্ণ পূর্ণ উদ্যমে পরিচালনা করতে না পারায় ঋণের কিস্তি পরিশোধ করতে পারেনি। বর্তমানে পুনরায় পুনঃতফসিলের জন্য প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে বিদেশি ক্রেতাগণ মালামাল গ্রহণে সাড়া না দেওয়ায় রপ্তানি মূল্য হতে ঋণ আদায় করা সম্ভব হয়নি মর্মে বলা হলেও তার সপক্ষে কোন প্রমাণক নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। পুনঃতফসিলের পর মূলধনের অভাবে ফ্যাক্টরি পরিচালনা করতে না পারার যৌক্তিকতা সন্তোষজনক নয়। পুনঃতফসিলের পর আদায়ের হার খুবই নগণ্য। উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষের কর্তৃক যথাযথ তদারকির অভাব এবং ব্যাংকের সংশ্লিষ্ট শাখা কর্তৃক ঋণ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় প্রতিটি ক্ষেত্রে ঋণগ্রহীতাকে মন্দ ঋণে শ্রেণিকৃত হওয়ার সুযোগ সৃষ্টি করা হচ্ছে। ফলোআপ অডিটের সর্বশেষ তথ্য অনুযায়ী আপত্তিকৃত মোট ১,০১,২৩,৮৯০ টাকা অনাদায়ি রয়েছে।

**নিরীক্ষার সুপারিশঃ**

যথাসময়ে ঋণগুলো আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ : ৮**

**শিরোনাম:** সিসি (হাইপো) ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের ৮২,৮৩,৭৬৮ (বিরাশি লক্ষ তিরাশি হাজার সাতশত আটষট্টি টাকা) টাকা অনাদায়ি।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, এরিয়া অফিস কুমিল্লা উত্তর ও এর নিয়ন্ত্রণাধীন ১০টি শাখার ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে দেবিদ্বার শাখার সিএল বিবরণী, স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্স, ঋণ সংক্রান্ত নথি, ব্যাংক হিসাব বিবরণী ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, সিসি (হাইপো) ঋণটি মন্দ ও ক্ষতিমানে শ্রেণিকৃত হওয়ায় ব্যাংকের ৮২,৮৩,৭৬৮ টাকা অনাদায়ি।
বিস্তারিত নিরীক্ষায় দেখা যায়,

প্রধান কার্যালয়ের সর্বশেষ মঞ্জুরি নং- এজিএম/আরসিডি-২/মেসার্স কেএমবি ব্রিকস/১৫ তারিখ : ০১/০৬/২০১৫ খ্রি. এর মাধ্যমে ৩১/৩/২০১৬ খ্রি. পর্যন্ত সময়ের জন্য মেসার্স কেএমবি ব্রিকস প্রোঃ হাজী আবুল কাশেম এর অনুকূলে ৭০ লক্ষ টাকা ঋণসীমায় ঋণটির নবায়ন অনুমোদন করা হয়।

জনতা ব্যাংক লিঃ, দেবিদ্বার শাখার নিরীক্ষায় দেখা যায় যে, ঋণটি ৩১/৩/২০১৬ খ্রি. তারিখে মেয়াদোত্তীর্ণ হয় কিন্তু সিএল বিবরণীতে মিথ্যা তথ্য অর্থাৎ মেয়াদোত্তীর্ণের তারিখ পরিবর্তন করে মার্চ/১৭ মাসের সিএল বিবরণীতে অশ্রেণিকৃত দেখানো হয়।

নিরীক্ষা পর্যালোচনায় পরিলক্ষিত হয়,

ক) হিসাব বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, সেপ্টেম্বর/২০১৬ পযন্ত সুদ ধার্য করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে আরোপিত জুন/২০১৬ ও সেপ্টেম্বর/২০১৬ মাসে ধার্যকৃত সুদ সাসপেন্স হিসাবে না নিয়ে বিধি-বহির্ভূতভাবে ইনকাম হিসাবে নেয়া হয়েছে।

খ) জামানত হিসাবে প্রদেয় সম্পত্তি পৈত্রিক সূত্রে প্রাপ্ত। সম্পত্তির আংশিক বাটোয়ারানামা নোটারী করা হলেও প্রকৃত সম্পত্তির ধারণা সুষ্ঠু নয়।

গ) মঞ্জুরিপত্রের ১২ নং শর্ত মতে নোটারীকৃত পারিবারিক আপোস বন্টননামার পরিবর্তে রেজিষ্ট্রিকৃত বন্টননামা দলিল গ্রহণের নির্দেশ থাকলেও অদ্যাবধি তা সংগ্রহ/পরিপালন করা হয়নি।

ঘ) হালনাগাদ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া যায়নি।

ঙ) বীমার কপি পাওয়া যায়নি।

চ) জনতা ব্যাংক প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নং-২৯৬/১১ তাং-৮/৫/২০১১ খ্রি. এর নীতিমালা ও নির্দেশনা (শর্ত নং-২০) মোতাবেক মেয়াদ উত্তীর্ণ/অসন্তোষজনকভাবে পরিচালিত ঋণ হিসাবের ওভারডিউ ঋণাংকের উপর ২% হারে দন্ড সুদ আরোপের নির্দেশ থাকলেও আলোচ্য ক্ষেত্রে তা ধার্য করা হয়নি।

শাখা ব্যবস্থাপকের সুষ্ঠু তদারকির অভাবে ঋণটি মেয়াদোত্তীর্ণ ও সীমাতিরিক্ত দায় সৃষ্টি হয়। নিরীক্ষাকালীন পর্যন্ত মোট অনাদায়ি অর্থের পরিমাণ সুদাসলে ৮২,৮৩,৭৬৮ টাকা (বিস্তারিত পরিশিষ্ট: ৮)।

**অনিয়মের কারণ :**

- মঞ্জুরিপত্রের শর্ত ১২ ও ২০ এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

- টাকা আদায়ের জোর প্রচেষ্টা চলছে। সম্পূর্ণ টাকা আদায় করে পরবর্তীতে নিরীক্ষাকে জানানো হবে।
- উল্লিখিত বিষয়ে ১৯/১২/২০১৬ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে জারি করা হয় এবং ০১/০২/২০১৭ খ্রি. তারিখে তাগিদপত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ৩০/০৭/২০১৮ খ্রি. তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র দেয়া হলেও জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

অডিটি প্রতিষ্ঠানের জবাবে মেয়াদোত্তীর্ণ অনাদায়ি অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে বলা হলেও প্রায় ২ বছর ০২ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও ঋণের অনাদায়ি অর্থ আদায়ের অগ্রগতি সম্পর্কে অদ্যাবধি নিরীক্ষাকে অবহিত করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

যথাসময়ে ঋণ আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ : ৯**

**শিরোনাম:** সহজামানত অতিমূল্যায়িত করে ঋণ বিতরণ করায় ব্যাংক ৪৪,৯৯,৭৯৩ টাকা (চুয়াল্লিশ লক্ষ নিরানব্বই হাজার সাতশত তিরানব্বই) ক্ষতির সম্মুখীন।

**বিবরণ :**

জনতা ব্যাংক লিঃ, এরিয়া অফিস কুমিল্লা উত্তর ও এর নিয়ন্ত্রণাধীন ১০টি শাখার ২০১০ পঞ্জিকা বছর হতে ২০১৬ পঞ্জিকা বছরের আর্থিক কার্যক্রম নিরীক্ষাকালে চান্দিনা সমবায় কর্পোরেট শাখার ঋণ সংক্রান্ত নথি, ব্যাংক হিসাব বিবরণী ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, সহজামানত অতিমূল্যায়িত করে ঋণ বিতরণ করায় ব্যাংক ৪৪,৯৯,৭৯৩ টাকা ক্ষতির সম্মুখীন।

